গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/ ৪৪৯ তারিখ: ২৬/০৬/২০২৩ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে ২০২০-২০২১ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীদের ২২/০৬/২০২৩ তারিখ থেকে ১৩/০৭/২০২৩ তারিখের মধ্যে On-Line-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করতে হবে। ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর (Biller ID: 376)-এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট =১,১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে জমার পে-স্লিপসহ আবেদন ফরমটি প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ০২/০৭/২০২৩ থেকে ১৬/০৭/২০২৩ তারিখ বেলা ১.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। **এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আবেদন ফরমের রোল নম্বর শিক্ষার্থীর বিল নম্বর হিসেবে ব্যবহার করতে হবে।**

১। আবেদনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যুনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যুনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যুনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যুনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রি প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩(তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দিগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

জ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। আবেদন ফি : (আবেদন ফি ৩০০/-, রেজি: ফি ৮০০/-, ব্যবস্থাপনা ফি ৫০/-) = ১,১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ)

৩। নির্ধারিত বিষয়:

ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা।

৪। অনলাইনে রেজিস্ট্রেশন আবেদনের নিয়মাবলী :

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120X150 Pixels,Image Type:jpg এবং maximum file size:50kb হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষে " জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) আবেদনকারীকে সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে A4(8.5*11) অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। নিম্নোক্ত কাগজপত্রের কপিসহ, আবেদন ফি বাবদ = ১,১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকার পে-স্লিপসহ জমা দিতে হবে।

৫। প্রয়োজনীয় কাগজপত্র (যা অনলাইন প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে):

ক) স্নাতক (পাস)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষার পাশের সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার ফটোকপি- ১টি করে।

খ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৬। টাকা প্রদানের নিয়মঃ মোবাইল থেকে Dial *322# >Replay-1 (payment) >Replay-1 (Bill pay) >Replay-1> 376 (Biller ID > Replay Student's Application Roll No (Bill No) > Amount (Tk-1,150) > মোবাইল ব্যাংকিং একাউন্টের ৪ ডিজিটের গোপন পিন নম্বর (****) > Successful sms.

৭। ডাচ্ বাংলা অন-লাইন ব্যাংকিং থেকে পেমেন্ট স্লিপ পাওয়ার অন-লাইন লিঙ্কঃ http://www.bigm-bd.com/edward/

প্রতিস্বাক্ষর
২৮/০৬/২০২৩
(প্রফেসর মো. আব্দুল আজিজ)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

২৮/০৬/২৩
(মোঃ রফিকুল ইসলাম)
আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন কমিটি-২০২০-২০২১
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

স্মারক নং-সএক/ ৪৪৯/২৫

তারিখ : ২৬/০৬/২০২৩ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২-২০। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২১। আহবায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কমিটি-২০২০-২০২১, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২২। আহ্বায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
২৩। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৪। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
২৫। অফিস নথি।

২৮/০৬/২৩
(মোঃ রফিকুল ইসলাম)
আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন কমিটি-২০২০-২০২১
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।